

তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ রাশিদুর রহমান রাসেল সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়
ভাইস চেয়ারম্যান ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
উপজেলা পরিষদ সভার তারিখ : ৯/০৩/২০২২ খ্রিঃ।
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। সভার সময় : ১১:০০ ঘটিকা।

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, সুরাট ইউপি, ঝিনাইদহ সদর বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং ভবিষ্যতে এর পরিধি আরও বাড়বে বলে মনে করেন। তথ্য ও সংস্কৃতি বাংলাদেশের জাতীয় উন্নয়নে বিশেষ ভাবে অবদান রাখছে।

০১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান সরকার তথ্য ও সংস্কৃতির দিকে বিশেষ গুরুত্ব দিচ্ছে এবং এর মাধ্যমে জনগণ কিভাবে সুবিধা পেতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছেন। তিনি আরও বলেন এলাকা ভিত্তিক বিভিন্ন স্কুল ও কলেজে সংস্কৃতি বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান যেমন নাচ, গান, নৃত্য, আবৃত্তি, সংগীত ও খেলাধুলা ইত্যাদির ব্যবস্থা করতে হবে। বর্তমান সরকার সংস্কৃতির বিষয়ে বিভিন্ন দিবসে ও বাংলা নববর্ষে বিভিন্ন আচার অনুষ্ঠান পালন করে আসছে। বিভিন্ন টিভি ও পত্র পত্রিকায় সংস্কৃতির উপর বিভিন্ন বিষয়ে আচার অনুষ্ঠান, তথ্য ও প্রযুক্তিগত জ্ঞান ও ইন্টারনেট এর মাধ্যমে সরকারি বিভিন্ন সেবা সমূহ জনগনের দ্বারপ্রান্তে পৌঁছে দেওয়ার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। সংস্কৃতি ও তথ্য বিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান অত্র উপজেলায় অনেক শিক্ষা প্রতিষ্ঠান ও বিনোদন কেন্দ্র আছে সেগুলো সঠিক ভাবে পরিচালনা করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ প্রত্যেক ইউপি চেয়ারম্যান গণকে পত্র ও সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

বিবিধ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে ০৪টি সাধারণ চেয়ার ও ০১ টি টেবিল ক্রয়ের জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানানো হলো।

সুপারিশ মালা : সর্বসম্মতিক্রমে বই, বিনোদনের জন্য যন্ত্রপাতি ক্রয় ও পরিচালনা ব্যায়ের জন্য ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের জন্য ০৪টি সাধারণ চেয়ার ও ০১ টি টেবিল ক্রয় করার জন্য সুপারিশ করা হলো।

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ প্রত্যেক ইউপি চেয়ারম্যান গণকে পত্র ও সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।



তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান

ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

তারিখ : ০৮/০৭/২০২১ খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.৪৪১৯.০০০.১৪.১৬৬.১৪/-

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

০৩। অফিস কপি।



তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।


স্মারক নং- উপ/যুব/অ/সদর/ঝিনাই/২০২১- (১৬)

তারিখ : ০১/০৩/২০২২ খ্রিঃ।

এতদ্বারা আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি উপজেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির একজন সম্মানিত সদস্য হওয়ায় আগামী ০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১ : ০০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয় সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত হয়ে তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিষয় সম্পর্কে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধ করছি।

প্রাপক :


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।